



বাংলাদেশ মানবাধিকার সমন্বয় পরিষদ-বামাসপ

(Coordinating Council for Human Rights in Bangladesh-CCHRB)

Founded by Rev Father R W Timm, CSC in 1986

সূত্রঃ বামাসপ/পরি/প্রেস/২৪(৮)

তারিখঃ ০৮ অগাস্ট, ২০২৪ ইং

প্রেস নোট

একটি টেকসই নূতন বাংলাদেশ গড়তে জাতীয় ঐক্যমতের ভিত্তিতে

রাষ্ট্র কাঠামোর প্রয়োজনীয় সংস্কার করার এখনই উপযুক্ত সময় -বামাসপ

ছাত্র-জনতার বিপ্লবের কারিগর বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় নেতৃত্ব, বাংলাদেশ সেনাবাহিনী ও ড. ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তিকালীন সরকারকে আমাদের আন্তরিক অভিনন্দন। অবিস্মরণীয় ছাত্র জনতার বিপ্লবে একটি নূতন বাংলাদেশ গড়ার স্বপ্ন সুচিত হয়েছে। কিন্তু এ বিজয় উদযাপনেও অনেক প্রাণহানী, সম্পদের ক্ষয়-ক্ষতি ও সহিংসতার ঘটনায় বাংলাদেশ মানবাধিকার সমন্বয় পরিষদ-বামাসপ গভীরভাবে উদ্বেগ ও ব্যথিত। রাষ্ট্রীয় ও ব্যক্তিগত সম্পদের সুরক্ষা দেয়া এ মুহুর্তে আমাদের সবার দায়িত্ব। আমরা প্রত্যাশা করছি আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রনপূর্বক এযাবৎ কালের সকল ঘটনাবলীর জন্য একটি উচ্চক্ষমতাসম্পন্ন কমিশন গঠন করে দায়ীদের বিচারের আওতায় আনতে অন্তর্বর্তিকালীন সরকার ত্বড়িৎ ব্যবস্থা নিবে। আমাদের দেশপ্রেমিক সেনাবাহিনী যথাসময়ে এগিয়ে না আসলে ছাত্র-জনতার বিপ্লব অর্জন কঠিনতর হতো। একটি টেকসই নূতন বাংলাদেশ গড়তে জাতীয় ঐক্যমতের ভিত্তিতে রাষ্ট্র কাঠামোর প্রয়োজনীয় সংস্কার করার এখনই উপযুক্ত সময়।

সকলের সহযোগে মানবাধিকার, জনগণের শাসন ও শান্তিপূর্ণ ন্যায্য সমাজ প্রতিষ্ঠিত হোক। বাংলাদেশ মানবাধিকার সমন্বয় পরিষদ-বামাসপ বাংলাদেশে কর্মরত তিনশতাধিক জাতীয় ও স্থানীয় বেসরকারী সংস্থার সমন্বয়ে গঠিত ১৯৮৬ সালে গঠিত একটি নিবন্ধিত মানবাধিকার নেটওয়ার্কিং জোট।

এডভোকেট মুহাম্মদ সামছুদ্দিন

পরিচালক

০১৭১৮৪২১২০৩

প্রতি

সন্মানিত সম্পাদক/বার্তা সম্পাদক

আপনাদের প্রশংসিত গণমাধ্যমে প্রকাশ ও প্রচারের অনুরোধসহ প্রেসনোটটি প্রেরণ করা হল।